



RAMAKRISHNA MISSION

SHILLONG - 793 003, MEGHALAYA

Language : Bengali

GROUP : D

Class : III - IV

- 8 . III . 2018

11.00 A.M

বিষম চিন্তা

সুকুমার রায়

মাথায় কত প্রশ্ন আসে, দিচ্ছে না কেউ জবাব তার,
সবাই বলে 'মিথ্যে বাজে বকিস নে আর খবরদার!'
অমনধারা ধমক দিলে কেমন করে শিখব সব ?
বলবে সবাই 'মুখ্যু ছেলে' বলবে আমায় 'গো গর্দভ' ।
কেউ কি জানে দিনের বেলায় কোথায় পালায় ঘুমের ঘোর ?
বর্ষা হলেই ব্যাঙের গলায় কোথেকে হয় এমন জোর ?
গাধার কেন শিং থাকে না ? হাতির কেন পালক নেই ?
গরম তেলে ফোড়ন দিলে লাফায় কেন তা ধেই ধেই ?
সোডার বোতল খুলে কেন ফসফসিয়ে রাগ করে ?
কেমন করে রাখবে টিকি মাথায় যাদের টাক পড়ে ?
ভূত যদি না থাকবে তবে কোথেকে হয় ভূতের ভয় ?
মাথায় যাদের গোল বেধেছে তাদের কেন 'পাগোল' কয় ?
কতই ভাবি এ - সব কথা, জবাব দেবার মানুষ কই ?
বয়স হলে কেতাব খুলে জানতে পাব সমস্তই।